

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১৯, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা শাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ৩০ চৈত্র ১৪২২/১৩ এপ্রিল ২০১৬

নং ০৪.০০.০০০০.৮১১.২৭.০৫১.১৬.৪৫—‘অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫’-এর অনুষ্টেদ ১০ অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগে মন্ত্রিপরিষদ সচিবের নেতৃত্বে নিম্নরূপ একটি ‘কেন্দ্রীয় অভিযোগ ব্যবস্থাপনা পরিবীক্ষণ’ কমিটি গঠন করা হল :

১।	মন্ত্রিপরিষদ সচিব	-	সভাপতি
২।	মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	-	সদস্য
৩।	সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	-	সদস্য
৪।	সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	-	সদস্য
৫।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়	-	সদস্য
৬।	সচিব, ভূমি মন্ত্রণালয়	-	সদস্য
৭।	সচিব, আইন ও বিচার বিভাগ	-	সদস্য
৮।	সচিব, (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ	-	সদস্য
৯।	অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ	-	সদস্য-সচিব

উল্লেখ্য, প্রযোজ্য ক্ষেত্রে ‘সচিব’ বলতে ‘সিনিয়র সচিব’ও বোঝাবে।

(৪৮৯৭)

মূল্য : টাকা ৪.০০

২। ‘কেন্দ্রীয় অভিযোগ ব্যবস্থাপনা পরিবীক্ষণ’ কমিটির কার্যপরিধি এবং কার্যপদ্ধতি হবে নিম্নরূপ :

- (ক) উক্ত কমিটি প্রতি ছয় মাসে অন্তত একবার অভিযোগ ব্যবস্থাপনা সেল কর্তৃক উপস্থাপিত অভিযোগসমূহ পর্যালোচনা করবে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থায় অনিষ্পন্ন অভিযোগের বিষয়েও কমিটি প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবে ;
- (খ) উপ-সচিব এবং তদূর্ধ্ব পদে কর্মকর্তাদের পেনশন, গ্র্যাচুইটি ইত্যাদি সমস্যা সংক্রান্ত বিষয় এ কমিটির বিবেচনার জন্য পেশ করা হবে; এবং
- (গ) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত নীতি-নির্ধারণী বিষয়সমূহ পর্যালোচনান্তে কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ জাহেদুর রহমান

সিনিয়র সহকারী সচিব।